

# টেলিটক বাংলাদেশ লিমিটেড



রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, ৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১, ঢাকা-১২১২

সূত্রঃ ১৪.৩৫.০০০০.০২০.১১.০৭৬.১৭

তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৫ বঃ  
২৫ এপ্রিল, ২০১৮খ্রিঃ।

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

টেলিটক বাংলাদেশ লিমিটেড এর পক্ষে বাংলাদেশের সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা জেলা আদালত ও শ্রম আদালতে মামলা পরিচালনার জন্য ০৩ (তিন) বছর মেয়াদে বর্ণিত কোর্টসমূহের জন্য তিনটি পৃথক প্যানেলের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ দেয়া হবে। আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত ও বর্ণনা মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. বাংলাদেশ সুপ্রিম কোর্টের জন্য প্যানেল আইনজীবী পদে আবেদনের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৩. ঢাকা জেলা আদালতের জন্য প্যানেল আইনজীবী পদে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে দেওয়ানী মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৪. শ্রম আদালতের জন্য প্যানেল আইনজীবী পদে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৫. প্যানেল আইনজীবীগণ টেলিটকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত ফি প্রাপ্য হবেন।

আগ্রহী প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার বিবরণ, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে উপর্যুক্ত সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নাগরিকত্ব সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ, সংশ্লিষ্ট বারের সনদ ও পরিচয়পত্র এবং হালনাগাদ অভিজ্ঞতার সনদ এর কপি এবং সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র আগামী ২৭ মে, ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, ৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে। খামের উপর “সংশ্লিষ্ট আদালতের নাম” উল্লেখপূর্বক প্যানেল আইনজীবী পদের জন্য আবেদনপত্র লিখতে হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী টিবিএল-এর ওয়েব সাইটে ([www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd)) পাওয়া যাবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)  
টেলিটক বাংলাদেশ লিমিটেড